রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ২, ২০১১**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/৯ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ০৬/২০১১-আইন।**—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ১২ এর সহিত পঠিতব্য ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই প্রবিধানমালা জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (উপজেলা ও ইউনিয়ন কমিটি গঠন, দায়িত্ব, কার্যাবলী ইত্যাদি) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) "আইন" অর্থ আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন);

(২) "চেয়ারম্যান" অর্থ ক্ষেত্রমত উপজেলা কমিটি অথবা ইউনিয়ন কমিটির চেয়ারম্যান;

(৩) "জেলা কমিটি" অর্থ আইনের অধীন গঠিত সংস্থার জেলা কমিটি;

(৪) "প্রতিবেদন" অর্থ ক্ষেত্রমত উপজেলা কমিটি অথবা ইউনিয়ন কমিটি কর্তৃক সম্পাদিত কার্যাবলীর প্রতিবেদন;

(৫) "বোর্ড" অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত জাতীয় পরিচালনা বোর্ড;

(৬) "সদস্য" অর্থ ক্ষেত্রমত উপজেলা কমিটি অথবা ইউনিয়ন কমিটির সদস্য;

(৭) "সংস্থা" অর্থ আইনের অধীন প্রতিষ্ঠিত জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।



**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। **উপজেলা কমিটি গঠন, ইত্যাদি**।Í(১) প্রত্যেক উপজেলায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার একটি উপজেলা কমিটি থাকিবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উহা গঠিত হইবে, যথা ঃ—

(১) উপজেলা চেয়ারম্যান, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(২) উপজেলা ভাইস-চেয়ারম্যান (মহিলা);

(৩) উপজেলা কৃষি কর্মকর্তা;

(৪) উপজেলা শিক্ষা কর্মকর্তা;

(৫) উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা;

(৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;

(৭) থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(৮) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;

(৯) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা;

(১০) জাতীয় মহিলা সংস্থার উপজেলা কমিটির চেয়ারম্যান;

(১১) উপজেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের মধ্য হইতে একজন প্রতিনিধি;

(১২) উপজেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যগণের মধ্য হইতে একজন প্রতিনিধি;

(১৩) উপজেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট উপজেলার সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের একজন মহিলা শিক্ষক;

(১৪) উপজেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত উপজেলার বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা, যদি থাকে, এর একজন প্রতিনিধি;

(১৫) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপজেলা কমিটির মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ বৎসরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন ঃ

তবে, শর্ত থাকে যে উক্ত শেষ মেয়াদ হওয়ার পূর্বেই মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে ঃ

আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সংশ্লিষ্ট জেলা কমিটির চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৪। **উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী**।—উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(১) সংস্থা কর্তৃক নিরূপিত যোগ্যতা ও প্রণীত নীতিমালা অনুসারে আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচার প্রার্থীগণের আবেদন বা দরখাস্ত সংগ্রহ বা গ্রহণ এবং উহা দ্রুত জেলা কমিটির নিকট প্রেরণ;

(২) আইনগত সহায়তা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) বোর্ড, সংস্থা বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

(৪) উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ।

৫। **উপজেলা কমিটির সভা**।—(১) উপজেলা কমিটির সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে ঃ

তবে, শর্ত থাকে যে, প্রতি দুই মাসে উপজেলা কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) উপজেলা কমিটির চেয়ারম্যান উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) উপজেলা কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৬। **উপজেলা কমিটির প্রতিবেদন**।—উপজেলা কমিটি প্রতি তিন মাসে তৎকর্তৃক সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমে জেলা কমিটির চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবে।

৭। **ইউনিয়ন কমিটি গঠন, ইত্যাদি**।—(১) প্রত্যেক ইউনিয়নে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার একটি ইউনিয়ন কমিটি থাকিবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উহা গঠিত হইবে, যথা ঃ—

(১) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(২) ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের তিন জন মহিলা সদস্য;

(৩) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত ইউনিয়ন পরিষদের তিন জন সদস্য;

(৪) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট ইউনিয়নের সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের একজন মহিলা শিক্ষক;

(৫) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত আনসার ও ভিডিপির একজন মহিলা সদস্য;

(৬) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত ইউনিয়নের মধ্যে অবস্থিত বাজার কমিটির সভাপতি অথবা একজন ব্যবসায়ী;

(৭) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত ইউনিয়ন এলাকায় উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করিয়া থাকে এমন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা, যদি থাকে, এর একজন প্রতিনিধি;

(৮) জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(৯) ইউনিয়ন এলাকার মধ্যে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা;

(১০) ইউনিয়ন এলাকার মধ্যে কর্মরত একজন ফ্যামিলি ওয়েলফেয়ার ভিজিটর;

(১১) ইউনিয়ন পরিষদের সচিব, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) ইউনিয়ন কমিটির মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে ঃ

আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সংশ্লিষ্ট জেলা কমিটির চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৮। **ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলী।**—ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ ঃ—

(১) সংস্থা কর্তৃক নিরূপিত যোগ্যতা ও প্রণীত নীতিমালা অনুসারে আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আবেদন বা দরখাস্ত ক্ষেত্রমত সংগ্রহ বা গ্রহণ এবং উহা দ্রুত জেলা কমিটির নিকট প্রেরণ;

(২) আইনগত সহায়তা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ইউনিয়ন পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) বোর্ড, সংস্থা বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

(৪) উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ।

৯। **ইউনিয়ন কমিটির সভা।**—(১) ইউনিয়ন কমিটির সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রতি দুই মাসে ইউনিয়ন কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) ইউনিয়ন কমিটির চেয়ারম্যান উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) ইউনিয় কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১০। **ইউনিয়ন কমিটির প্রতিবেদন।**—ইউনিয়ন কমিটি প্রতি তিন মাসে তৎকর্তৃক সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমে জেলা কমিটির চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবে।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

**সৈয়দ আমিনুল ইসলাম**
পরিচালক।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd